গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধামরাই, ঢাকা
(dhamrai.dhaka.gov.bd )

স্মারক নং-০৫.৪১.২৬১৪.০০০.১৮.০০৮.২১.১২৮

তারিখঃ ১৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধামরাই উপজেলাধীন ১৬টি ইউনিয়নে অবস্থিত নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত ইচ্ছুক/আগ্রহী ইজারাদার/ব্যক্তিবর্গের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

তফসিল (হাট-বাজার ইজারার ক্যালেন্ডার)

| ক্রমিক নং | ইউনিয়ন | হাট-বাজারের নাম | সরকারি ইজারা মূল্য | দরপত্রের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | সানোড়া | কালামপুর হাট ও গরুর হাট | ১,৪৩,২২,৭২৭/- | ২৯,৪০০/- |
| ০২ | যাদবপুর | ধানতারা হাট | ১৫,৩০,৫৩৪/- | ৩,৮০০/- |
| ০৩ | সূয়াপুর | করিম কাইমতারা হাট | ১৭৭/- | ৫০০/- |
| ০৪ | সূয়াপুর | সূয়াপুর বাজার | ১,৩৮,৬৮৪/- | ১০০০/- |
| ০৫ | সূয়াপুর | রাজনগর (আনন্দনগর) হাট | ৫৩০/- | ৫০০/- |
| ০৬ | নান্নার | নান্নার বাজার | ৩,০৪,৪০৬/- | ১,৪০০/- |
| ০৭ | কুশুরা | কুশুরা হাট | ১,৪১,৫১০/- | ১০০০/- |
| ০৮ | সূতিপাড়া | বাথুলী হাট ও গরুর হাট | ২২,৭৯,০০০/- | ৫,২০০/- |
| ০৯ | গাংগুটিয়া | বারবাড়িয়া হাট | ৫০,১০৩/- | ৫০০/- |
| ১০ | আমতা | সাটুরিয়া গরুর হাট | ১৮,৩৭৩/- | ৫০০/- |
| ১১ | রোয়াইল | খরারচর হাট | ২,১৮,২৭৯/- | ১,২০০/- |
| ১২ | কুশুরা | কাওয়ালীপাড়া নবগ্রাম হাট | ১২,৪৭,২৬৭/- | ৩,২০০/- |
| ১৩ | গাংগুটিয়া | গাংগুটিয়া বাজার | ৬০৪/- | ৫০০/- |
| ১৪ | আমতা | বালিয়া (জেঠাইল) গরুর হাট | ১,৩৬,৭৭৫/- | ১০০০/- |
| ১৫ | সূতিপাড়া | নওগাঁও হাট | ৫,৩৪৬/- | ৫০০/- |
| ১৬ | বালিয়া | বাস্তা গরুর হাট | - | ৫০০/- |

দরপত্র বিজ্ঞপ্তি, সিডিউল ইত্যাদি প্রতিসেট হাটের নামের পার্শ্বে বর্ণিত মূল্য (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, ঢাকা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধামরাই, ঢাকা; সহকারী কমিশনার (ভূমি), ধামরাই, ঢাকা; ধামরাই থানা ও সোনালী ব্যাংক লিমিটেড, ধামরাই শাখা, ঢাকা হতে অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে। দরপত্রসমূহ জেলা প্রশাসক, ঢাকা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন বিকাল ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে খোলা হবে। প্রথম পর্যায়ে দরপত্র গৃহীত না হলে দ্বিতীয় পর্যায়ে, দ্বিতীয় পর্যায়ে দরপত্র গৃহীত না হলে তৃতীয় পর্যায়ে দরপত্র/ সিডিউল বিক্রি করা হবে। পরবর্তীতে এ বিষয়ে আলাদাভাবে কোন দরপত্র বিজ্ঞপ্তি জারি করা হবে না। এক পর্যায়ের সিডিউল অন্য পর্যায়ে ব্যবহার করা যাবে না

## দরপত্র ক্রয়, দাখিলের তারিখ ও সময়

| দরপত্রের পর্যায় | দরপত্র বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| প্রথম পর্যায় | ২৭/০২/২০২৪ খ্রি. (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | ২৮/০২/২০২৪ খ্রি. (বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত) | ২৮/০২/২০২৪ খ্রি. (বেলা ০৩.০০ ঘটিকা পর্যন্ত) |
| দ্বিতীয় পর্যায় | ১৩/০৩/২০২৪ খ্রি. (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | ১৪/০৩/২০২৪ খ্রি. (বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত) | ১৪/০৩/২০২৪ খ্রি. (বেলা ০৩.০০ ঘটিকা পর্যন্ত) |
| তৃতীয় পর্যায় | ২৭/০৩/২০২৪ খ্রি. (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | ২৮/০৩/২০২৪ খ্রি. (বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত) | ২৮/০৩/২০২৪ খ্রি. (বেলা ০৩.০০ ঘটিকা পর্যন্ত) |

07/02/2024

তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ
উপজেলা নির্বাহী অফিসার
ধামরাই, ঢাকা।

**হাট-বাজার ইজারার শর্তবলী**

১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা এর অনুকূলে জমা দিতে হইবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কর্যক্রম গ্রহণ করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুণরায় দরপত্র আহবান করা হইবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিত্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিন শত টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫। ইজারাদার বা অন্য কোন ব্যক্তি কর্তৃক হাট বাজারের স্থানে অবৈধ স্থাপনা গড়া যাবে না।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০১/০২/২০২৪

তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ
উপজেলা নির্বাহী অফিসার
ধামরাই, ঢাকা
unodhamrai@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪১.২৬১৪.০০০.১৮.০০৮.২১.

১৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখঃ ০১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলঃ**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। জেলা প্রশাসক, ঢাকা
৩। পুলিশ সুপার, ঢাকা
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব) ঢাকা
৬। চেয়ারম্যান, ধামরাই, উপজেলা পরিষদ, ধামরাই, ঢাকা
৭। উপজেলা নির্বাহী অফিসার .................................. উপজেলা (সকল), ঢাকা
৮। মেয়র, ধামরাই পৌরসভা, ধামরাই, ঢাকা
৯। সহকারী কমিশনার (ভূমি), ধামরাই, ঢাকা
১০। অফিসার-ইন-চার্জ, ধামরাই থানা, ধামরাই, ঢাকা (তাঁকে দরপত্র দাখিল/খোলার তারিখে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
১১। চেয়ারম্যান/সচিব, ........................ ইউনিয়ন পরিষদ (সকল), ধামরাই, ঢাকা। ( এ দরপত্র বিজ্ঞপ্তিটি জনসাধারণের জ্ঞাতার্থে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ................... ইউনিয়ন ভূমি অফিস (সকল), ধামরাই, ঢাকা। ( এ দরপত্র বিজ্ঞপ্তিটি জনসাধারণের জ্ঞাতার্থে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৩। জনাব ..........................................................................................................
১৪। নোটিশ বোর্ড, অফিস কপি।

০১/০২/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
**ধামরাই, ঢাকা**